

একজন ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীর বিষয়ে অভিযোগ দায়ের করার ক্ষেত্রে:

যদি আপনার ট্যাক্স প্রস্তুতকারী এই নিয়মগুলি অনুসরণ না করেন, তবে আপনি অফিস অব প্রফেশনাল রিসপনসিবিলিটি এ একটি অভিযোগ দায়ের করতে পারেন যেভাবে:

- আমাদের ওয়েবসাইট www.tax.ny.gov (অনুসন্ধান করুন: অভিযোগ) ভিজিট করে
- 518-457-5181 নম্বরে কল করে

এছাড়াও আপনি অনলাইনে অথবা 518-457-0578 নম্বরে কল করে ট্যাক্স ফাঁকি এবং জালিয়াতির রিপোর্ট করতে পারেন। তথ্যটি গোপন রাখা হয়। এই ধরনের অবৈধ কার্যকলাপকে কব বিভাগ গুরুত্ব সহকারে গ্রহণ করে এবং দ্রুততার সাথে প্রতিটি অভিযোগ পর্যালোচনা করে এবং উপযুক্ত হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে।



অফিস অব প্রফেশনাল রিসপনসিবিলিটি

আমরা ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীদের মানসম্মত সেবার সর্বোচ্চ মান বজায় রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। সকল ট্যাক্স প্রস্তুতকারী যাতে নৈতিকতা এবং আইনি পদ্ধতিতে তাদের দায়িত্ব পালন করে সেটা নিশ্চিত করতে আমরা পেশাদার সমিতি, গ্রাহক অ্যাডভোকেসি গ্রুপ এবং আইন প্রয়োগকারীর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে থাকি।

ট্যাক্স প্রস্তুতকারক শিল্পকে নিয়ন্ত্রণ করার জন্য নিউ ইয়র্ক হলো সাতটি স্টেটের মধ্যে একটি স্টেট।

উদ্যোগসমূহ:

- সকল নন-এক্সাম্পট (অব্যাহতি প্রাপ্ত নন) ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীদের নিউ ইয়র্ক স্টেট কর বিভাগে নিবন্ধন করতে হবে
- ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারী নিয়োগের সময় ভোক্তাদের তাদের অধিকার বুঝতে সহায়তা করা
- নিয়ন্ত্রিত মানদণ্ড পূরণে ব্যর্থ হওয়া ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীদের চিহ্নিত ও শৃঙ্খলাবদ্ধ করা



Department of
Taxation and Finance

www.tax.ny.gov

Pub 135 (11/21)



Department of
Taxation and Finance

ট্যাক্স প্রস্তুতকারী সম্পর্কিত অধিকারসমূহের গ্রাহক বিল





একজন ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীকে নিয়োগের পূর্বে আপনার অধিকার সম্পর্কে জানুন

বেশিরভাগ ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারী আইন মোতাবেক কাজ করেন এবং তাদের ক্লায়েন্টদের সাথে ন্যায্য আচরণ করে কিন্তু কিছু লোক এটা করে না।

আপনি যখন ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারী নিয়োগ করবেন তখন কিভাবে নিজেকে সুরক্ষিত করবেন সে সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য এই প্রচারপত্রে রয়েছে।

আরো তথ্যের জন্য **518-457-5181** নম্বরে কল করুন।

নিউ ইয়র্ক স্টেটের একজন ট্যাক্স প্রদানকারী হিসেবে আপনার বাড়তি অধিকারসহ আরো তথ্যের জন্য QR কোডটি স্ক্যান করুন। স্প্যানিশ, চাইনিজ, রাশিয়ান, বাংলা, ইয়াদিশ, হাইতিয়ান ফ্রেংগল, কোরিয়ান, ইতালিয়ান ও পোলিশ ভাষায় তথ্য পাওয়া যায়। (অনুসন্ধান করুন: ভাষা)।



ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীদের অবশ্যই যা করতে হবে:

- নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স প্রস্তুতকারী রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং মূল্য তালিকা ঝুলিয়ে দিতে (পোস্ট করতে) হবে;
- যদি আপনার রিটার্ন পরে অডিট করা হয়ে থাকে তবে তারা আপনার প্রতিনিধিত্ব করবেন কি না তা আপনাকে জানাতে হবে;
- আপনার রিটার্নটি সঠিকভাবে সম্পন্ন করার জন্য আপনার আয়, ব্যয়, পরিবার এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্য বা নথি সম্পর্কে আপনাকে জিজ্ঞাসা করতে হবে;
- আপনাকে (আপনার ব্যাংক অ্যাকাউন্টের তথ্যসহ) আপনার সম্পূর্ণ রিটার্ন পর্যালোচনা করার সুযোগ প্রদান করতে হবে এবং আপনি এটিতে স্বাক্ষর করার আগে কোনো কিছু জিজ্ঞাসা করতে পারবেন;
- আপনার ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি জমা করার পরিবর্তে আপনি যদি ফেরতযোগ্য প্রত্যাশিত ঋণ (ফেরতযোগ্য অগ্রিম) বা একটি ফেরতযোগ্য প্রত্যাশিত চেক (ফেরতযোগ্য স্থানান্তর) নির্বাচন করেন তবে আপনার কাছে প্রযোজ্য হতে পারে এমন যেকোনো সুদ বা ফি সম্পর্কে তারা আপনাকে লিখিতভাবে জানাবেন;
- আপনার ট্যাক্স রিটার্নে স্বাক্ষর করবেন এবং প্রযোজ্য হলে প্রস্তুতকারীর ট্যাক্স শনাক্তকরণ নম্বর (PTIN) এবং নিউ ইয়র্ক ট্যাক্স প্রস্তুতকারী শনাক্তকরণ নম্বর (NYTPRIN) লিখবেন;
- আপনার ট্যাক্স রিটার্ন ই-ফাইল করবেন;
- যদি আপনার রিটার্ন সম্পর্কিত বিষয়ে কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকে তবে আপনাকে এক বছরব্যাপী ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করবেন যা আপনি ব্যবহার করতে পারেন এবং
- আপনার পূরণ করা রিটার্নের একটি অনুলিপি আপনাকে প্রদান করবেন।

Pub 135 (11/21) (পিছনের অংশ)

একজন ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারী আপনাকে কখনোই স্বাক্ষর করতে বলবেন না:

- একটি ফাঁকা রিটার্নে;
- একটি অসম্পন্ন রিটার্নে;
- ভুল তথ্যসমৃদ্ধসহ একটি রিটার্নে অথবা
- আপনি বুঝতে পারেন না এমন তথ্যসমৃদ্ধ রিটার্নে।

একজন ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারী আপনার নিউ ইয়র্ক রিটার্ন ই-ফাইল করার ক্ষেত্রে আলাদা কোনো চার্জ নিতে পারবেন না এবং এমন কোনো নিশ্চয়তা প্রদান করবেন না যে:

- আপনি একটি ট্যাক্স রিফান্ড পাবেন বা
- আপনাকে IRS বা নিউ ইয়র্ক স্টেট কর বিভাগের (New York State Tax Department) দ্বারা অডিট করা হবে না।

